Baroda BNP PARIBAS MUTUAL FUND

Together for more

# প্রতিটি স্বপ্নের জন্য শুরু করা যেতে পারে একটি ছোটো এসআইপি*







একজন বিনিয়োগকারী শিক্ষা এবং সচেতনতার উদ্দেশ্যে একটি উদ্যোগ সৌজন্যে **বরোদা বিএনপি পরিবাস মিউচুয়াল ফান্ড।**


*সিস্টেমেটিক ইনভেস্টমেন্ট প্ল্যান

‘আরও বেশি’ শব্দটি আরও বেশি রিটার্ন বা স্কিমের কার্যকারিতার নিশ্চয়তা বোঝায় না। এটি যৌথ উদ্যোগ দ্বারা প্রদত্ত অতিরিক্ত মূল্যকে বোঝায়, যেমনটি এএমসি এবং বিএনপি পরিবাস এএমসি পৃথকভাবে তুলনা করে।

## সমৃদ্ধশালী একটি ভবিষ্যতের জন্য ছোট্টো পদক্ষেপ নিন

বিগত দিনগুলিতে আমাদের নেওয়া সিদ্ধান্তের উপরে আমাদের আগামীদিনের সম্পত্তির পরিমাণ নির্ভর করে। আমরা সারাজীবন ধরে আমাদের স্বপ্নকে তাড়া করে যাই, তার মধ্যে কয়েকটির সাথে আপোস করে নিই, কয়েকটিকে বাদ দিয়ে দিই, এবং কেবলমাত্র গুটিকয় স্বপ্নকেই বাস্তবায়িত করতে পারি। আমরা বর্তমানে বিনিয়োগ করার যে সিদ্ধান্তগুলি নিয়ে থাকি সেগুলিই ভবিষ্যতে আমাদের সমৃদ্ধশালী ভবিষ্যৎ গড়ে তুলতে এবং আমাদের স্বপ্ন পূরণ করতে সহায়তা করতে পারে। সঠিকভাবে বিনিয়োগ করার মূল নীতিটি সর্বোত্তম পণ্যটি বাছাই করে নেওয়ার মধ্যে পড়ে নাৎ এটি লুকিয়ে রয়েছে নিয়মিতরূপে বিনিয়োগ করার মধ্যে। সমৃদ্ধশালী একটি ভবিষ্যত গড়ে তোলার পথ হিসাবে সিস্টেমেটিক ইনভেস্টমেন্ট প্ল্যান (এসআইপি)-এর কথা অবশ্যই ভাবা যেতে পারে।

## জীবন চক্রের সাধারণ ব্যয়সমূহ





## বিনিয়োগ করা শুরু করুন



**তাড়াতাড়ি শুরু করুন; আপনার বিনিয়োগকে আপনার জন্য কাজ করতে সময় দিন**



**নির্দিষ্ট সময়ের মধ্যে আপনার বিনিয়োগের গড় বের করুন**



**বেশির কথা ভাবুন, ছোট্টো ছোট্টো বিনিয়োগ করুন, নিয়মিত বিনিয়োগ করুন**



**বাজারের বা মার্কেটের অস্থিরতা দেখে ভয় পাবেন না; আপনার বিনিয়োগের বিষয়ে বিশেষজ্ঞদের পরামর্শ নিন।**

## এসআইপি-এর সুবিধাসমূহ

### সুশৃঙ্খল দৃষ্টিভঙ্গি

মাসিক ইনস্টলমেন্ট-এর মত আপনার আয়ের ছোট্টো একটি অংশ বরাদ্দ করুন। এসআইপি-এর মাধ্যমে, আপনি নির্বাচিত একটি স্কিমে প্রতি মাসে আপনার পছন্দ অনুযায়ী অর্থরাশি বিনিয়োগ করতে পারেন। এইভাবে আপনি বাজারের উত্থান এবং পতন হওয়ার সাথেই লাভবান হওয়ার লক্ষ্য রাখতে পারেন।

### ঝুঁকি এবং অনিশ্চয়তার নিয়ন্ত্রণ

স্টক মার্কেটের প্রকৃতি অনিশ্চয়তায় ভরপুর, যার ফলে সেটির গতিবিধির পূর্বাভাস দেওয়া কঠিন হয়। বিনিয়োগকারীরা তাদের আর্থিক লক্ষ্যে ফোকাস করতে পারে এবং এসআইপি-এর মাধ্যমে নিয়মিত বিনিয়োগ করে বাজারের অস্থিরতা বোঝার কাজটি পেশাদার বিনিয়োগ নিয়ন্ত্রকদের উপরে ছেড়ে দিতে পারেন।

### রুপি কস্ট অ্যাভারেজিং বা টাকার গড় খরচ

বাজারের টাইমিং হল সময়সাপেক্ষ এবং ঝুঁকিপূর্ণ। রুপি কস্ট অ্যাভারেজিং নামক পদ্ধতি অবলম্বন করা হল বিনিয়োগ করার অন্যতম সফল একটি কৌশল। স্টক মার্কেটের যখন পতন হয়, তখন আপনি আরও বেশি ইউনিট বরাদ্দ করে উপকৃত হন এবং মার্কেটের যখন উত্থান হয়, তখন বিনিয়োগগুলির গড় হয়ে যায়।

### পাওয়ার অফ কম্পাউন্ডিং বা চক্রবৃদ্ধির শক্তি

এসআইপিগুলি চক্রবৃদ্ধির মূল নীতি অনুযায়ী কাজ করে। যত আগে আপনি বিনিয়োগ শুরু করবেন, তত বেশি সময় দরে পৈনার বিনিয়োগ চক্রবৃদ্ধির মাধ্যমে বাড়তে থাকবে। এর মানে আপনার রিটার্নও রিটার্ন জেনারেট করতে থাকে। এসআইপি-এর মাধ্যমে দীর্ঘমেয়াদী বিনিয়োগের লক্ষ্য হল আপনার বিনিয়োগের মূল্য বৃদ্ধি করা। এটি মার্কেটের টাইমিং এবং স্বল্পমেয়াদী অনিশ্চয়তা সংক্রান্ত উদ্বেগগুলিকে কমাতে সাহায্য করে।

আরও বিস্তারিত তথ্যের জন্য এবং আরও বিশদে জানার জন্য, আজই আপনার আর্থিক উপদেষ্টা / মিউচ্যুয়াল ফান্ড ডিস্ট্রিবিউটরকে কল করুন!

এসআইপি লাভের কোনো নিশ্চয়তা প্রদান করে না বা হ্রাসমান বাজারে ক্ষতির বিরুদ্ধে সুরক্ষার নিশ্চয়তা প্রদান করে না। ফান্ড / এএমসি রিটার্নের কোনোরূপ নিশ্চয়তা বা প্রতিশ্রুতি বা পূর্বাভাস প্রদান করে না।

বরোদা বিএনপি পরিবাস কর্তৃক মিউচ্যুয়াল ফান্ডে বিনিয়োগকারীদের উদ্দেশ্যে শিক্ষা এবং সচেতনতামূলক একটি উদ্যোগ। সেবি পোর্টাল-এ একবার আপনার গ্রাহককে জানুন বা নো ইয়োর কাস্টমার (কেওয়াইসি), ঠিকানা পরিবর্তন, ব্যাঙ্ক ম্যান্ডেট, অভিযোগ দায়ের করা, ইত্যাদির জন্য প্রয়োজনীয় নথিপত্র / পদ্ধতির বিশদ বিবরণের জন্য অনুগ্রহ করে https://www.barodabnpparibasmf.in/investor-centre/information-on-kyc দেখুন। অনুগ্রহ করে কেবলমাত্র রেজিস্টার্ড মিউচ্যুয়াল ফান্ডের সাথে ডিল করুন, যার বিশদ বিবরণ সেবি ওয়েবসাইট (www.debi.gov.in)-এ ''ইন্টারমিডিয়ারিজ / মার্কেট ইনফ্রাস্ট্রাকচার ইনস্টিটিউশন''-এর অধীনে যাচাই করে নিতে পারেন। ট্যাক্স বা কর প্রভাবের স্বতন্ত্র প্রকৃতির জন্য, বিনিয়োগকারীদের পিনিয়োগ করার পূর্বে তাদের কর উপদেষ্টার পরামর্শ নেওয়ার জন্য অনুরোধ করা হয়। বরোদা বিএনপি পরিবাস মিউচ্যুয়াল ফান্ড সংক্রান্ত সমস্ত অভিযোগ service@barodabnpparibasmf.in এবং / অথবা www.scores.gov.in (সেবি স্কোরস্ পোর্টাল)-এ দায়ের করা যেতে পারে। এসআইপি সম্বন্ধে আরও বিশদে জানার জন্য ভিজিট করুন https://www.barodabnpparibasmf.in/SIP

**মিউচ্যুয়াল ফান্ডে বিনিয়োগ বাজারগত ঝুঁকি সাপেক্ষের বিষয়বস্তু, স্কিম সংক্রান্ত সমস্ত নথিপত্র মনোযোগ সহকারে পড়ে নিন।**